

# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৯০০

পরিচ্ছেদঃ আরোহী এবং হাঁটা অবস্থায় রমী করা।

باب مَا جَاءَ فِي رَمْى الْجِمَارِ رَاكِبًا وَمَاشِيًا

### আরবী

حَدَّتَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّتَنَا يَحْيَى بْنُ زَكَرِيَّا بْنِ أَبِي زَائِدَةَ، أَخْبَرَنَا الْحَجَّاجُ، عَنِ الْحَكَمِ، عَنِ ابْنِ عَبَّاسٍ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم رَمَى الْجَمْرَةَ يَوْمَ النَّحْرِ كَنْ مِقْسَمٍ، عَنِ ابْنِ عَبَّاسٍ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم رَمَى الْجَمْرَةَ يَوْمَ النَّحْرِ رَاكِبًا . قَالَ وَفِي الْبَابِ عَنْ جَابِرٍ وَقُدَامَةَ بْنِ عَبْدِ اللَّهِ وَأُمِّ سُلَيْمَانَ بْنِ عَمْرِو بْنِ الْأَحْوَصِ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ ابْنِ عَبَّاسٍ حَدِيثٌ حَسَنٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ النَّهِ وَلَا الْعِلْمِ وَاخْتَارَ بَعْضَهُمْ أَنْ يَمْشِي إِلَى الْجِمَارِ . وَقَدْ رُويَ عَنِ ابْنِ عُمَرَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ كَانَ يَمْشِي إِلَى الْجِمَارِ . وَوَجْهُ هَذَا الْحَدِيثِ عِنْدَنَا أَنَّهُ رَكِبَ فِي فِعْلِهِ وَكِلاَ الْحَدِيثَيْنِ مُسْتَعْمَلٌ عِنْدَ أَهْلِ الْعِلْمِ . رَكِبَ فِي بَعْضِ الْأَيَّامِ لِيُقْتَدَى بِهِ فِي فِعْلِهِ وَكِلاَ الْحَدِيثَيْنِ مُسْتَعْمَلٌ عِنْدَ أَهْلِ الْعِلْمِ .

#### বাংলা

৯০০. আহমাদ ইবনু মানী' (রহঃ) ..... ইবনু আব্বাস (রাঃ) থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইয়াওমুন নাহরে আরোহী অবস্থায় রমী জামরা করেছেন। - ইবনু মাজাহ ৩০৩৪, মুসলিম - জাবীর (রাঃ) হতে, তিরমিজী হাদিস নম্বরঃ ৮৯৯ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে জাবির, কুদামা ইবনু আবদুল্লাহ, উম্মু সুলায়মান ইবনু আমর ইবনু আল- আহওয়াস (রাঃ) থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, ইবন আব্বাস (রাঃ) বর্ণিত হাদিসটি হাসান। কতক আলিম এতদনুসারে আমল করেছেন। কতক আলিম হেঁটে রমী করা পছন্দনীয় বলে মত প্রকাশ করেছেন। ইবন উমর (রাঃ) থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রমী জামরা করতে হেঁটে গিয়েছেন। আমাদের কাছে এই হাদিসটির তাৎপর্য হল নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর আমলসমুহ অনুসরনের সুযোগ প্রদানের নিমিত্তে তিনি কোন কোন সময় আরোহী অবস্থায় আমল করেছেন। উভয় ধরনের হাদিসই আলিমগনের নিকট গ্রহনীয়।

# **English**



## Ibn Abbas narrated:

"The Prophet stoned the Jamrah on the Day of An-Nahr while riding."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন